

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ “বিআইডব্লিউটিসি’র ৪টি কে-টাইপ ফেরি ও ৪টি কনভেনশনাল পন্টুন নির্মাণ” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোঃ আবদুস সামাদ সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ	ঃ	২৭/০৯/২০১৮ খ্রিঃ।
সময়	ঃ	দুপুর ১২.৩০ ঘটিকা।
স্থান	ঃ	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	ঃ	পরিশিষ্ট- “ক” তে সন্নিবেশিত হলো।

২। আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পটির প্রক্রিয়াকরণ সম্পর্কে সভাকে অবহিত করতে বললে যুগ্ম-প্রধান নৌপরিবহন মন্ত্রণালয় জানান, গত ০৪/০৬/২০১৮ তারিখে বিআইডব্লিউটিসি হতে আলোচ্য প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াকরণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি ৫৪৫৩.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২০ মেয়াদে নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হবে। মন্ত্রণালয় হতে ০৭/০৫/২০১৮ তারিখে জারিকৃত পত্রের মাধ্যমে ডিপিএম ক্রয় পদ্ধতি পরিহার করে ওটিএম আবশ্যিকভাবে অনুসরণের নির্দেশনা দেওয়া হয় কিন্তু আলোচিত প্রকল্পের ডিপিপিতে ডিপিএম অন্তর্ভুক্ত করা হয়। তাছাড়া ডিপিপিটি প্রক্রিয়াকরণের জন্য পর্যাপ্ত তথ্যের অভাব ছিল। সেজন্য কার নির্দেশে ওটিএম পদ্ধতির পরিবর্তে ডিপিএম করা হয়েছে স্পষ্টীকরণের জন্য ও প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের জন্য ২/৭/২০১৮ তারিখে বিআইডব্লিউটিসিকে পত্র দেয়া হয়। বিআইডব্লিউটিসি হতে পত্র মারফত জানানো হয়, ১৪/০৫/২০১৮ তারিখে নৌপরিবহন সচিব মহোদয় বিআইডব্লিউটিসি এর চেয়ারম্যান মহোদয়কে আলোচ্য প্রকল্পের ডিপিপিতে ওটিএম পদ্ধতি অনুসরণের পরিবর্তে ডিপিএম পদ্ধতি অনুসরণের নির্দেশনা দেয়। বিষয়টি সচিব মহোদয়ের দৃষ্টিগোচর করা হলে তিনি বলেন কখনো এমন নির্দেশনা দেন নি, বিআইডব্লিউটিসি পূর্বেও এমন কাজকর্ম করেছে এবং সংশ্লিষ্ট সকলকে কারণ দর্শানোর জন্য নির্দেশনা দেন। এ প্রেক্ষিতে ০৮/০৮/২০১৮ তারিখে বিআইডব্লিউটিসি’কে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়। পরবর্তীতে বিআইডব্লিউটিসি হতে পত্র মারফত জানানো হয় অসতর্কতাবশত: সচিব মহোদয়ের নাম উল্লেখ করা হয়েছে। ভবিষ্যতে পত্র প্রেরণের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন করা হবে এবং সে সঙ্গে ডিপিপি’তে ওটিএম পদ্ধতি যুক্ত করে প্রেরণ করা হয়। সভাপতি মহোদয় সংস্থার নিজস্ব অর্থায়নে প্রকল্পটি প্রক্রিয়াকরণের ওপর গুরুত্বারোপ করেন। সুতরাং ডিপিপিটি প্রক্রিয়াকরণ করা সুপারিশ করা হলো। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩। সিদ্ধান্তঃ

- “বিআইডব্লিউটিসি’র ৪টি কে-টাইপ ফেরি ও ৪টি কনভেনশনাল পন্টুন নির্মাণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াকরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- “বিআইডব্লিউটিসি’র ৪টি কে-টাইপ ফেরি ও ৪টি কনভেনশনাল পন্টুন নির্মাণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি’র বিষয়ে মতামত প্রদানের জন্য তা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, অর্থ বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়সহ অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করতে হবে।
- প্রচলিত বিধি-বিধান/পরিপত্র অনুযায়ী প্রকল্প অনুকূলে Liquidity Certificate প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল-কে অনুরোধ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্ত ঘোষণা করেন।


স্বাক্ষরিত
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ)

- ১। অতিরিক্ত সচিব (প্রশাঃ/উন্নয়ন/সংস্থা/আইন ও বিএসসি), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
- ৫। জনাব বিপুল চন্দ্র বিশ্বাস, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
- ৬। জনাব জেসমিন আরা বেগম, চীফ প্লানিং ম্যানেজার, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
- ৭। জনাব মোঃ আঃ রহিম তালুকদার, জিএম (ইঞ্জিনিয়ারিং), বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।


মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ-৯৫৪৫৪৮৫